

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
নাসিরাবাদ, চট্টগ্রাম
www.teaboard.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

চা বোর্ডে বিজয় দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপিত

চট্টগ্রাম, ১৬ ডিসেম্বর ২০২১ খ্রি.: মহান বিজয় দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আজ (১৬.১২.২০২১ খ্রি.) বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সকল সদস্যসহ মুক্তিযুদ্ধে বীর শহিদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ দোয়া, সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, শিশুদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশগ্রহণসহ দিনব্যাপী কর্মসূচি পালন করা হয়।

বিজয় দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি মহোদয় বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে চলেছে বাংলাদেশ। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদযাপনের মধ্যেই এসেছে উন্নয়নশীল দেশে উত্তরণের সুখবর। জাতির পিতার আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে আমাদের উন্নত ও সমৃদ্ধ দেশের কাতারে পৌঁছানোর লক্ষ্যে কাজ করে যেতে হবে।

তিনি আরও বলেন, দেশের চা শিল্পের উন্নয়নে সরকারের নানা উদ্যোগের ফলে বিজয়ের সুবর্ণজয়ন্তীতে দেশের বার্ষিক চা উৎপাদন অতীতের সকল রেকর্ড ছাড়িয়ে যাবে বলে আশা করা যাচ্ছে।

আলোচনা সভা শেষে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিশুদের পুরস্কার প্রদান করা হয়। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিচালনায় ‘সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ’ অনুষ্ঠানে বাংলাদেশ চা বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ভার্চুয়ালি অংশগ্রহণ করেন।

বোর্ডের ভারপ্রাপ্ত সচিব জনাব মোহাম্মাদ রুহুল আমীন এর সঞ্চালনায় আলোচনা সভা ও ভার্চুয়াল শপথ গ্রহণ অনুষ্ঠানে বোর্ডের সদস্য (অর্থ ও বাণিজ্য) ড. নাজনীন কাউসার চৌধুরী, উপ-পরিচালক (পরিবহন) মুনির আহমদ, ভারপ্রাপ্ত উপ-পরিচালক (বাণিজ্য) মুহাম্মদ মদহুল কবীর চৌধুরীসহ বোর্ডের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে পাকিস্তানি শাসকদের শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে এক রক্তক্ষয়ী মুক্তিসংগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে। বিশ্বের বুকে বাঙালি জাতি প্রতিষ্ঠা করেছে তার স্বতন্ত্র জাতিসত্তা।

আজ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের বিজয় দিবসে দৃষ্টকণ্ঠে শপথ করছি যে, শহীদের রক্ত বৃথা যেতে দেব না-দেশকে ভালোবাসব, দেশের মানুষের সার্বিক কল্যাণে সর্বশক্তি নিয়োগ করব। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের আদর্শে উন্নত, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনার সোনার বাংলা গড়ে তুলব।

মহান সৃষ্টিকর্তা আমাদের সহায় হোন।







